

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 30-11-2025

Time: 1.40 P.M.

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, দেশ খাদ্য শস্য উৎপাদনে ঐতিহাসিক রেকর্ড করেছে। ভারত এবছর ৩৫৭ মিলিয়ন টন অর্থাৎ ৩৫ কোটি ৭০ লক্ষ টন খাদ্য শস্য উৎপাদনে সক্ষম হয়েছে। ১০ বছর আগের খাদ্য শস্য উৎপাদনের তুলনায় বৃদ্ধির পরিমাণ ১০ কোটি টন।

প্রধানমন্ত্রী এদিন, হায়দ্রাবাদের স্কাইরুট ইনফিনিটি ক্যাম্পাসে বিশ্বের সবচেয়ে বড় টার্বোফাম এয়ার ক্র্যাফ্ট ইঞ্জিন নির্মাণ, মেরামতি ও পরীক্ষার ব্যবস্থা বা এম আরও ফেসিলিটির কথাও বিশেষ গুরুত্ব দিয়ে উল্লেখ করেছেন।

এদিন তিনি আবারও দেশের ভোকাল ফর লোকাল নীতির সাফল্যের কথা জোর দিয়ে তুলে ধরেছেন। আকাশবাণীর ১২৮ মন-কি-বাত অনুষ্ঠানে তিনি বলেছেন, ভোকাল ফর লোকালের ভাবনা দেশের কোটি কোটি মানুষ তাদের দৈনন্দিন জীবনের অংশ করে নিয়েছে। সকলের পছন্দ এবং কেনাকাটার মধ্যে স্বদেশীকতার প্রতি আকর্ষণ বৃদ্ধি পাচ্ছে। এবারের উৎসবের মরশুমে এই পরিবর্তনের প্রমাণ পাওয়া গেছে। ছোটো ছোটো দোকানদাররাও এই পরিবর্তন অনুভব করছেন। কিছু দিনের মধ্যে নববর্ষের কেনাকাটা শুরু হবে। সেই সময় স্বদেশী জিনিষ কেনাকাটার ওপর শ্রী মোদী জোর দেন। তিনি জানান, এবারের জি-টোয়েন্টি সম্মেলনে বিশ্বের অনেক নেতাকে দেশে তৈরি হস্তশিল্প উপহার দিয়েছেন।

(বাইট – ভোকাল ফর লোকাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সিভি আনন্দ বোস প্রধানমন্ত্রীর আজকের “মন কি বাত” দেশবাসীকে অনুপ্রেরণা জোগাবে বলে মন্তব্য করেছেন। এদিন তিনি এপ্রসঙ্গে বলেন, প্রধানমন্ত্রী উদ্ভাবনী শক্তির বিকাশের ওপর বিশেষ ভাবে জোর দিয়েছেন।

(বাইট-রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন জানিয়েছে, গোটা দেশে খসড়া ভোটার তালিকা প্রকাশের তারিখ পিছিয়ে দেওয়া হয়েছে। আগামী ৯ ই ডিসেম্বর পশ্চিমবঙ্গ সহ, ১২ টি রাজ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে বলে জানানো হয়েছিলো, তা পিছিয়ে ১৬ ই ডিসেম্বর করা হয়েছে। ফলে, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার দিনও পিছিয়েছে। কমিশন জানিয়েছে, ৭ ই ফেব্রুয়ারির পরিবর্তে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪ ই ফেব্রুয়ারি। এনুমারেশন পর্ব শেষ হচ্ছে ১১ ই ডিসেম্বর। পোলিং স্টেশন পুনর্বিন্যাসের কাজও ওইদিন শেষ হওয়ার কথা। খসড়া তালিকা ১৬ ই ডিসেম্বর প্রকাশের পর দাবিদাওয়া ও অভিযোগ জানানো যাবে ২০২৬ সালের ১৫ ই জানুয়ারি পর্যন্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই এর কাজে নবনিযুক্ত রোল অবজারভারদের ভূমিকা নিয়ে বিভিন্ন প্রশ্ন ওঠায় নির্বাচন কমিশন এব্যাপারে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশনের তরফে জানানো হয়েছে, রোল অবজারভাররা কোনওভাবেই নির্দেশ দিতে পারবেন না। তাঁদের কাজ কেবলমাত্র পুরো প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করা এবং যা কিছু নজরে পড়বে তা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) ও কেন্দ্রীয় নির্বাচন কমিশনকে রিপোর্ট আকারে জানানো।

কমিশন সূত্রে জানা গিয়েছে, রোল অবজারভাররা প্রতিদিন সাধারণ ভোটারদের সঙ্গে কথা বলবেন, এনুমারেশন ফর্ম ঠিকভাবে পূরণ হয়েছে কিনা তা খতিয়ে দেখবেন। পাশাপাশি নজর রাখবেন ডিজিটাইজেশন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে কি না, কমিশনের জারি করা নির্দেশগুলি সংশ্লিষ্ট বিভাগ কতটা মেনে চলেছে, ২০০২ সালের মূল তালিকার সঙ্গে আধুনিক তালিকার সঠিক মিল করানো হয়েছে কি না, মৃত ভোটারদের নাম ফের ঢুকে পড়েছে কি না এবং ভুলো ভোটারদের নাম তালিকায় যুক্ত হয়েছে কি না—এই সব গুরুত্বপূর্ণ বিষয়ে।

প্রতিদিন তাঁরা যা দেখবেন তা একটি বিস্তারিত রিপোর্ট আকারে সিইও অফিস ও নির্বাচন কমিশনে পাঠাতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশনের দুই বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত ও সি মুরুগন, আজ ফলতা বিডিও অফিসে বৈঠক শুরু করেছেন। বৈঠকে উপস্থিত আছেন ডায়মন্ড হারবারের মহকুমা শাসক শুভ্রজিত গুপ্ত, ফলতার বিডিও এলাকার সমস্ত বুথ স্তরের আধিকারিক(BLO)রা। মূলত, বিশেষ সংশোধনী তালিকা বা স্পেশাল ইন্টেনসিভ রোল(SIR) সংক্রান্ত কাজ নিয়ম মেনে হয়েছে কিনা, সমস্ত নথি সঠিকভাবে যাচাই ও আপলোড করা হয়েছে কিনা—তা খতিয়ে দেখতেই এই বৈঠক।

০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস রাজ্য জুড়ে অবৈধ অনুপ্রবেশকারীদের বলপূর্বক নাগরিক হিসেবে দেখানোর অপচেষ্টা করেছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যাণ্ডেলে জানিয়েছেন, ২০২২ সালে বাংলাদেশ থেকে বসিরহাটে এসে শাসকদলের প্রত্যক্ষ মদতে এক বাংলাদেশী অনুপ্রবেশকারী স্থানীয় এক ব্যক্তির নথি কেড়ে নিয়ে তাকে নিজের বাবা হিসেবে দেখিয়েছে। দীর্ঘদিন ধরে এই চক্রান্তের বিরুদ্ধে বিডিও, মহকুমা শাসক এবং পুলিশ প্রশাসনের সহায়তা চেয়েও বসিরহাটের ওই স্থানীয় বাসিন্দা কোন সহায়তা পাননি। এসআইআর প্রক্রিয়া চলাকালীন তিনি বিষয়টি নিয়ে ফের অভিযোগ জানিয়েছেন। শ্রী মজুমদার বলেন, বাংলাদেশ সীমান্ত সংলগ্ন জেলাগুলিতে সুপরিকল্পিতভাবে অবৈধ বাংলাদেশি অনুপ্রবেশকারীদের দীর্ঘদিন ধরে বৈধ নাগরিক হিসেবে দেখিয়ে তৃণমূল কংগ্রেস যে রাজনৈতিক সুবিধা নিচ্ছে এই ঘটনা তার প্রমাণ। রাজ্যের মানুষ রাজ্যের নিরাপত্তা নিয়ে উদ্বেগে রয়েছে।

অন্যদিকে মুখ্যমন্ত্রী এসআইআর-এর বিরোধিতা করতে ব্যস্ত রয়েছেন। রাজ্যের মানুষ মুখ্যমন্ত্রীর এই অপচেষ্টা সফল হতে দেবে না বলে শ্রী মজুমদার আশাবাদী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এক মহিলার শ্লীলতাহানির ঘটনায় পুলিশ গতরাতে আলতাফ আলম নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। ধৃত গার্ডেনরিচের বাসিন্দা। গত শুক্রবার প্রগতি ময়দান থানা এলাকায় ই এম বাইপাসের পাশে একটি বাসস্ট্যাণ্ডে দাঁড়িয়ে থাকা ঐ মহিলাকে জোর করে গাড়িতে তুলে নেয় তিন যুবক। গাড়ির মধ্যে শ্লীলতাহানি করে তাঁকে গভীর রাতে ময়দান থানা এলাকায় নামিয়ে দেওয়া হয়। অসুস্থ অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০